# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১২৮৬

৮. পবিত্রতা অর্জন (كِتَابُ الطَّهَارَةِ)

পরিচ্ছেদঃ যেসব প্রাণী জবেহের মাধ্যমে ভক্ষন করা হালাল, সেসব প্রাণীর চামড়া দাবাগত করার পর তা ব্যবহার করা বৈধ, এমন মৃত প্রাণীর চামড়া ব্যবহার করাও বৈধ

ذِكْرُ الْإِخْبَارِ عَنْ إِبَاحَةِ انْتِفَاعِ الْمَرْءِ بِجُلُودِ مَا يَحِلُّ بِالذَّكَاةِ إِذَا دُبغت وَإِذَا كَانَتْ ميتة

আরবী

1286 ـ أَخْبَرَنَا أَحْمَدُ بْنُ عَلِيِّ بْنِ الْمُثَنَّى حَدَّثَنَا أَبُو خَيْثَمَةَ حَدَّثَنَا سُفْيَانُ عَنِ الزُّهْرِيِّ عَنْ عُبَيْدِ اللَّهِ بْنِ عَبْدِ الله عن ابن عَبَّاسٍ: عَنْ مَيْمُونَةَ قَالَ: مَرَّ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ بِشَاةٍ مَيْتَةٍ فَقَالَ: (أَلَا أَخَذُوا إِهَابَهَا فَدَبَغُوهُ فَانْتَفَعُوا بِهِ)؟ فَقَالُوا: إِنَّهَا ميتة فقال: (إنما حُرِّمَ أكلُها)

الراوي : عَبْدِ اللَّهِ بْنِ عَبَّاسٍ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 1286 | خلاصة حكم المحدث: صحيح.

বাংলা

১২৮৬. আব্দুল্লাহ বিন আব্বাস রাদ্বিয়াল্লাহু আনহুমা থেকে বর্ণিত, তিনি মাইমূনা রাদ্বিয়াল্লাহু আনহা থেকে বর্ণনা করেন, তিনি বলেন, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম একটি মৃত মেষ এর পাশ দিয়ে অতিক্রম করেন, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন, “তারা কেন এর চামড়া গ্রহণ করেনি, অতঃপর দাবাগত বা পাকা করে তার দ্বারা উপকৃত হয়নি?” লোকজন বললো, “এটা তো মৃত প্রাণী!” জবাবে তিনি বলেন, “নিশ্চয়ই কেবল হারাম করা হয়েছে তা ভক্ষন করা।” [1]

ফুটনোট

[1] মুসনাদ ইমাম শাফে‘ঈ: ১/২৩; মুসান্নাফ আব্দুর রাযযাক: ১৮৪; মুসান্নাফ ইবনু আবী শায়বাহ: ৮/৩৭৯; হুমাইদী: ৩১৫; মুসনাদ আহমাদ: ৬/৩২৯; সহীহ মুসলিম: ৩৬৩; আবূ দাঊদ: ৪১২০; নাসাঈ: ৭/১৭১; ইবনু মাজাহ: ৩৬১০; দারেমী: ২/৪২; দারাকুতনী: ১/৪২; আবূ আওয়ানা: ১/২০৯; সুনান বাইহাকী: ১/১৫।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাঊত রাহিমাহুল্লাহ হাদীসটিকে মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন (গায়াতুল মারাম: ২৯।)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আব্বাস (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=90600

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন